



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/৪৩২১৭১০৪৫৮১১/নথি নং-

৯৬/২৭৫৩

তারিখ: ৫.১১.২০১৭খ্রিঃ

বিষয়ঃ তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম জেলার লোহাগাড়া উপজেলাধীন কলাউজান শাহ রশিদিয়া ফাজিল মাদ্রাসার অধ্যক্ষ আ ন ম নোমান গভার্গিং বড়ির বিদ্যোৎসাহী সদস্য হিসেবে মোহাম্মদ জামাল হোসেন, পিতা- আব্দুল গণি, গ্রাম- উত্তর কলাউজান, ডাকঘর- কলাউজান, উপজেলা- লোহাগাড়া, জেলা- চট্টগ্রামকে মনোনয়ন প্রদানের জন্য কাগজপত্রসহ আবেদন করেন (কপি সংযুক্ত)।

পরবর্তীতে ভারপ্রাপ্ত অধ্যক্ষ মুহাম্মদ ইউসুফ অধ্যক্ষের আবেদন প্রত্যাহার করে নতুনভাবে মাদ্রাসার উন্নয়ন ও বিরোধ নিষ্পত্তির স্বার্থে জনাব মোঃ ইউনুছ হেলাল, পিতা- মোস্তাফিজুর রহমান, গ্রাম- নাছিম উদ্দিন মিয়ার বাড়ী, রাস্তা- উত্তর কলাউজান, ডাকঘর- উত্তর কলাউজান, উপজেলা- লোহাগাড়া, জেলা- চট্টগ্রামকে মনোনয়ন দেয়ার জন্য আবেদন করেছেন। প্রত্যাহার ও পুনরায় বিদ্যোৎসাহী সদস্য মনোনয়নের আবেদনদুটিতে মাননীয় সংসদ সদস্য, ২৯২ চট্টগ্রাম-১৫ প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী জোর সুপারিশ করেন (কপি সংযুক্ত)।

দুটি ভিন্ন ভিন্ন আবেদনের বিষয়ে অধ্যক্ষের নিকট ব্যাখ্যা চাওয়া হলে তিনি জবাব দাখিল করেছেন, মাদ্রাসা প্রধান গত ১৬.০৯.২০১৭ তারিখ হতে মাদ্রাসায় অনুপস্থিত আছেন। যার প্রেক্ষিতে প্রয়োজনীয় কার্যক্রম পরিচালনার জন্য গভার্গিং বড়ির সিদ্ধান্ত মোতাবেক ভারপ্রাপ্ত অধ্যক্ষকে কাজ পরিচালনার দায়িত্ব প্রদান করা হয়। কিন্তু আপলোডকৃত কাগজপত্রে সহ সভাপতি সহ ১০ জনের স্বাক্ষর থাকলেও সভাপতির স্বাক্ষর নেই এবং এ বিষয়ে কোন ব্যাখ্যাও নেই। তাছাড়া এমপি মহোদয়ের সুপারিশ ও অধ্যক্ষ, ভারপ্রাপ্ত অধ্যক্ষের লিখিত কাগজের মূল কপি স্কেন না করায় এ বিষয়ে জটিলতা পরিলক্ষিত হয়েছে (কপি সংযুক্ত)।

ইতোমধ্যে মাননীয় সংসদ সদস্য, ২৯২ চট্টগ্রাম-১৫ প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী কর্তৃক একটি ডিও পত্র প্রেরণ করা হয়েছে। ডিও পত্রে বিদ্যোৎসাহী সদস্য হিসাবে আলহাজ্ব সাইফুদ্দিন হাসান, পিতা- মৃত ডাঃ মনির আহমদকে মনোনয়ন প্রদানের জন্য সুপারিশ করা হয়েছে (কপি সংযুক্ত)।

বর্ণিত অবস্থায় উল্লিখিত বিষয়সহ মাদ্রাসার সার্বিক বিষয়ে সরজিমে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য তাঁকে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক... (গত...)

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

প্রফেসর মোঃ মজিবুর রহমান  
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ উপজেলা নির্বাহী অফিসার  
লোহাগাড়া, চট্টগ্রাম।

নং-বামাশিবো/প্রশাসন/৪৩২১৭১০৪৫৮১১/নথি নং-

তারিখ: ১১.২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. জেলা প্রশাসক, চট্টগ্রাম।
২. জেলা শিক্ষা অফিসার, চট্টগ্রাম।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, লোহাগাড়া, চট্টগ্রাম।
৪. সভাপতি, কলাউজান শাহ রশিদিয়া ফাজিল মাদ্রাসা, লোহাগাড়া, চট্টগ্রাম।
৫. অধ্যক্ষ, কলাউজান শাহ রশিদিয়া ফাজিল মাদ্রাসা, লোহাগাড়া, চট্টগ্রাম।
৬. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান  
উপ- রেজিস্ট্রার (প্রশাসন)  
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।  
ফোনঃ ৯৬৭৪৮৭৪